

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-4

(আই. পি. এ, প্রফ ও প্রবন্ধরচনা)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রাত্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ক) সুভাষচন্দ্র বোস— এই শব্দদুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।
- খ) সংশোধনী চিহ্ন হিসাবে ব্যবহৃত bold এবং trs শব্দদুটি প্রফ সংশোধনে কী কী বোঝাতে ব্যবহার করা হয়?
- গ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা প্রবর্তনের জন্য যে ‘ধ্বনিবিজ্ঞান—শিক্ষক-সংস্থা’ গড়ে উঠেছিল তা কবে এবং কোথায় গড়ে উঠেছিল?

(পরের পাতায়)

- ঘ) ধ্বনি এবং বর্ণের মধ্যে পার্থক্য কী?
- ঙ) দুটি ইংরেজী শব্দের উদাহরণ দাও যেখানে ‘ট’ ধ্বনি এবং ‘আ’ ধ্বনি অনেক সময় একটাই বর্ণ দিয়ে লেখা হয়।
- চ) প্রফ সংশোধনকালে বাক্যের শেষে পূর্ণচেদ বসাতে এবং বাক্যাংশের শেষে উহু চিহ্ন যোগ করতে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করতে হবে?
- ছ) প্রফ সংশোধনে গ্রন্থকারের পালনীয় দুটি দায়িত্বের কথা উল্লেখ করো।
- জ) ধ্বনিতা বলতে কী বোঝো?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ক) তোমার প্রিয় একজন নাট্যকারের নাট্যপ্রতিভা সম্বন্ধে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লেখো।
- খ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

তারাপদ হরিণশিশুর মতো বন্ধনভীরু, আবার হরিণেরই মতো সংগীতমুঞ্চ। যাত্রার গানেই তাহাকে প্রথম ঘর হইতে বিবাগী করিয়া দেয়। গানের সুরে তাহার সমস্ত শিরার মধ্যে অনুকম্পন এবং গানের তালে তাহার সর্বাঙ্গে আন্দোলন উপস্থিত হইত।

- গ) নিম্নে প্রদত্ত বিষয়গুলির ক্ষেত্রে প্রফ সংশোধনকালে কোন্ কোন্ চিহ্নের ব্যবহার করতে হবে লেখো:
- ভাঙ্গা হরফ বদল করতে হলে, দুটি শব্দের মধ্যে ব্যবধান কর করতে হলে, চিহ্নিত স্থানে ড্যাস যোগ করতে হলে,

- দুটি শব্দের মধ্যে হাইফেন যোগ করতে হলে, বাক্যটিতে
কমা যোগ করতে হলে।
- ঘ) নিম্নে প্রদত্ত অংশটির প্রফ সংশোধন করো :

তুমি মনে করেছিলে, মনিকে নিয়ে আমি সুখী হতে পারি
নি, তাই তার উপর রাগ করতে। কিন্তু সুখ জিনিসটি ঐ
তারাগুলির মতো অঙ্ককারের ফাঁকে ফাঁকে দেখা দেয়।
জীবনের ফাঁকে ফাঁকে কি সর্গের আলো জুলে নি। আমার
যা পাবার তা পেয়েছি, কিছু বলবার নেই।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) ‘ওপন্যাসিক শরৎচন্দ’ এই বিষয়ের উপর একটি নাতিদীর্ঘ
প্রবন্ধ রচনা করো।
- খ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায়
লিপ্যন্তর করো :
- সমাধিমন্দির এক ঠাঁই রহে চিরস্থির,
ধরার ধূলায় থাকি
স্মরণের আবরণে মরণেরে যত্নে রাখে ঢাকি।
জীবনেরে কে রাখিতে পারে!
আকাশের প্রতি তারা ডাকিছে তাহারে।
তার নিমন্ত্রণ লোকে লোকে
নব নব পূর্বাচলে আলোকে আলোকে।

- গ) প্রফ সংশোধনের প্রয়োজনীয়তা কী? গ্যালি প্রফ বলতে
কী বোৰো? প্রফ সংশোধনের সময় অবশ্য পালনীয়
কর্মগুলি কী কী?

$$3+2+5=10$$

- ঘ) সমাজ গঠনে ছাত্র-ছাত্রীদের ভূমিকা নিয়ে একটি
অন্তিদীর্ঘ আলোচনা করো।
-